

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২১ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ/০৪ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ৮৭-আইন/২০১৬ I—Income Tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার কোন করদাতার সম্পূর্ণ আয়ের মধ্য হইতে যে পরিমাণ আয় তিনি প্রতিবন্ধীদের কল্যাণার্থে “সূচনা ফাউন্ডেশন” এর অনুকূলে দান বা অনুদান প্রদান করিবেন সেই পরিমাণ আয়কে উক্ত Ordinance এর অধীন প্রদেয় কর হইতে নিম্নবর্ণিত শর্তে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:—

শর্তসমূহ:

- (ক) সংশ্লিষ্ট করদাতার আয় বা করদাতা কোম্পানী হইলে উহার অর্জিত মুনাফা থাকিতে হইবে;
- (খ) সংশ্লিষ্ট করদাতা বা কোম্পানীকে ক্রসড চেক অথবা ব্যাংক ট্রান্সফার এর মাধ্যমে দান অথবা অনুদান প্রদান করিতে হইবে;
- (গ) সংশ্লিষ্ট করদাতাকে উক্ত Ordinance এর অধীন নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

সচিব।